



ইসলামিক ফাউন্ডেশন

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় সিদ্ধান্ত

পবিত্র জমাদিউল আউয়াল মাসের চাঁদ দেখা যায় নি

আগামী ১৯ জানুয়ারি থেকে পবিত্র জমাদিউল আউয়াল মাস গণনা শুরু

ঢাকা, বুধবার, ১৭ জানুয়ারি ২০১৮ ॥

বাংলাদেশের আকাশে আজ ১৪৩৯ হিজরি সনের পবিত্র জমাদিউল আউয়াল মাসের চাঁদ দেখা যায় নি। ফলে আগামীকাল ১৮ জানুয়ারি ২০১৮ খ্রি. পবিত্র রবিউস সানি মাস ৩০ দিন পূর্ণ হবে এবং আগামী ১৯ জানুয়ারি ২০১৮ খ্রি. শুক্রবার থেকে পবিত্র জমাদিউল আউয়াল মাস গণনা শুরু হবে।

আজ সন্ধ্যায় ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররম সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। এতে সভাপতিত্ব করেন ধর্ম মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ হাফিজুর রহমান।

সভায় ধর্ম মন্ত্রণালয়ের যুগ্ম সচিব এ বি এম আমিন উল্লাহ নুরী, তথ্য মন্ত্রণালয়ের উপ-সচিব এস. এম. মাহফুজুল হক, মন্ত্রি পরিষদ বিভাগের উপ-সচিব মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী, ওয়াক্ফ প্রশাসক মোঃ শহীদুল ইসলাম, বাংলাদেশ টেলিভিশনের পরিচালক (অর্থ) মোঃ ইউসুফ আলী, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ আবদুর রহমান, স্পারসোর সিএসও বদরুল আলম, সরকারি মাদ্রাসা-ই-আলিয়ার উপাধ্যক্ষ মুহাম্মদ আবদুর রশীদ, বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম মুহাম্মদ মিজানুর রহমান, চকবাজার শাহী জামে মসজিদের খতিব মাওলানা শেখ নাজিম রেজওয়ান ও লালবাগ শাহী জামে মসজিদের খতিব আবু রায়হান প্রমুখ উপস্থিত ছিলেন।

সভায় ১৪৩৯ হিজরি সনের পবিত্র জমাদিউল আউয়াল মাসের চাঁদ দেখা সম্পর্কে সকল জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশন-এর প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য নিয়ে পর্যালোচনা করে দেখা যায় যে, অদ্য ২৯ রবিউস সানি ১৪৩৯ হিজরি, ৪ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ, ১৭ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ বুধবার সন্ধ্যায় বাংলাদেশের আকাশে পবিত্র জমাদিউল আউয়াল মাসের চাঁদ দেখা যাওয়ার সংবাদ পাওয়া যায়নি। এমতাবস্থায়, আগামীকাল ৫ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ, ১৮ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার পবিত্র রবিউস সানি মাস ৩০ দিন পূর্ণ হবে এবং আগামী ৬ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ, ১৯ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ শুক্রবার থেকে পবিত্র জমাদিউল আউয়াল মাস গণনা শুরু হবে।

০

(শায়লা শারমীন)

সহকারি জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬